ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক সংখ্যা- ৪৬.২০৭.০১৮.০৩.০২.১৩৬২.২০১৮-/১৩৪

তারিখ : ২৬/০৩/২০১৮

জাতীয় পর্যায়ে বিভিন্ন বড় বড় পূর্ত/উন্নয়ন প্রকল্পে সামরিক বাহিনীর সংশ্লিষ্টতা প্রসংগে সশস্ত্র বাহিনী বিভাগের স্মারক সংখ্যা-০৬.০০.০০০০.০০৪/অপস(প্রজেক্ট)/১৩৭৪ তারিখ : ০৬/১২/২০১৭ এবং স্থানীয় সরকার বিভাগের স্মারক সংখ্যা-৪৬.০০.০০০০.০৩৯..০১৮.০০৬.২০১৬-১১ তারিখ : ০১/০১/২০১৮ এর অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(কামাল হোসেন)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। বিভাগীয় প্রধান (সকল), ..........................................................................................

২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- ১, ২, ৩, ৪ ও ৫

৩। মেয়রের একান্ত সচিব।

৪। সিস্টেম এনালিস্ট (ডিএসসিসি বাতায়নে প্রকাশের জন্য)।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার।

৬। অফিস কপি(নথি নম্বর-৪৬.২০৭.০১৮.০৩.০২.১৩৬২.২০১৮ তারিখ : ১৮/০১/২০১৮)

(কামাল হোসেন)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২

প্রাপ্তি আইসিটি সেল
তারিখ- ২৫/৩/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০১৬- ১৯

তারিখঃ ১৮ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতীয় পর্যায়ে বিভিন্ন বড় বড় পূর্ত/উন্নয়ন প্রকল্পে সামরিক বাহিনীর সংশ্লিষ্টতা প্রসংগে।

সূত্রঃ ০৬.০০.০০০০.০০৪/অপস(প্রজেক্ট)/১৩৭৪ তারিখঃ ০৬/১২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে সশস্ত্র বাহিনী বিভাগ, অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস হতে প্রেরিত পত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.০১৬.০১২.২০১৫-২৬২

তারিখঃ ২৫/০২/২০১৮

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকমূলে এ বিভাগের প্রশাসন-১ শাখার মাধ্যমে সশস্ত্র বাহিনী বিভাগ, অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস হতে প্রাপ্ত পত্রটি এতদসংগে সংযুক্তপূর্বক প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মোঃ মাহমুদুল আলম
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

১। প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল/সিলেট/কুমিল্লা সিটি কর্পোরেশন।

স্থানীয় সরকার বিভাগ
গ্রহণ ও প্রেরণ শাখা
11 DEC 2017
ডায়েরী নং ৭৫২

সীমিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ
অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর
ঢাকা সেনানিবাস.
তারালাপণী ঃ ৯৮৩৪৩৩৮ বর্ধিত ঃ ৪৩৩৮
ফ্যাক্স নং ৯৮৩৪৩৯৯

০৬.০০.০০০০.০০৪/অপস(প্রজেক্ট)/৯৮৭৪ — ডিসেম্বর ২০১৭

জাতীয় পর্যায়ে বিভিন্ন বড় বড় পূর্ত/উন্নয়ন প্রকল্পে সামরিক বাহিনীর সংশ্লিষ্টতা প্রসঙ্গে

বরাতঃ

ক। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রধানমন্ত্রীর কার্যালয় পত্র নং ২২.০৯.০.০.৭৯৩(৯৯) তারিখ ০৮ অক্টোবর ২০০২ (ফটোকপি সংযুক্ত)।

খ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ১সা-১/২০০১/ডি-১৮ ... তারিখ ৩০ অক্টোবর ২০১৭ (ফটোকপি সংযুক্ত)।

গ। সেনাসদর, ই ইন সি'র শাখা (ইঞ্জিনিয়ার পরিদপ্তর) পত্র নং ২৪৮১/৬/ইঞ্জিনিয়ার্স (প্রজেক্ট-জেনারেল) তারিখ ২৩ নভেম্বর ২০১৭ (সকলকে নয়)।

১। জাতীয় পর্যায়ে বিভিন্ন বড় বড় অবকাঠামো নির্মাণ ও এ জাতীয় উন্নয়ন বিষয়ক প্রকল্প গ্রহণ/পরিকল্পনার শুরু থেকে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ সশস্ত্র বাহিনীর নির্মাণ ও পূর্ত কাজের উপদেষ্টা/প্রধান হিসেবে ইঞ্জিনিয়ার ইন চীফ (ই ইন সি) অথবা তার মনোনীত প্রতিনিধিকে সম্পৃক্ত রাখতে হবে, মর্মে বরাত ক এর মাধ্যমে সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

২। জাতীয় পর্যায়ে বিভিন্ন বড় বড় পূর্ত/উন্নয়ন প্রকল্প যথা - বহুতল ভবন, হাইওয়ে, সেতু, রেল লাইন, বাঁধ এবং ব্যারেজ ইত্যাদি দেশের সার্বিক ডিফেন্স স্ট্র্যাটেজির উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। ভূ-প্রকৃতির ব্যাপক পরিবর্তনের ফলে এ ধরনের বড় বড় স্থায়ী অবকাঠামো নির্মাণ করার পর দেশের স্বার্থে এগুলো বিশেষ গুরুত্বপূর্ণ পরিগণিত হওয়ায় এ সকল স্থায়ী অবকাঠামো সমূহের নিরাপত্তার দায়-দায়িত্ব সশস্ত্র বাহিনীর উপর ন্যস্ত করা হয়। জাতীয় পর্যায়ে বড় বড় অবকাঠামো নির্মাণ ও ভূ-প্রকৃতির উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত প্রকল্প গ্রহণ/পরিকল্পনার প্রারম্ভিক পর্যায়ে সশস্ত্র বাহিনীকে সম্পৃক্ত করা না হলে সশস্ত্র বাহিনী তাদের দায় দায়িত্ব সঠিকভাবে পালনে জটিলতার সম্মুখীন হয়।

৩। বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে, জাতীয় উন্নয়ন বিষয়ক প্রকল্প গ্রহণ/পরিকল্পনার শুরু থেকে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ সশস্ত্র বাহিনীর নির্মাণ ও পূর্ত কাজের উপদেষ্টা/প্রধান হিসেবে ইঞ্জিনিয়ার ইন চীফ (ই ইন সি) অথবা তার মনোনীত প্রতিনিধিকে সম্পৃক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।

৪। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

জিয়া সাদাত খান
লেফটেন্যান্ট কর্ণেল
পক্ষে প্রিন্সিপাল স্টাফ অফিসার

সংযুক্তঃ

১। বরাত ক ও খ এর ফটোকপি - ০১ (এক) কপি মাত্র।

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা

সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

নথি সংখ্যা ২২.০১.০.০.৭০.২০০২-৭৬৬(৬০)

তারিখ : ২৩-০৬-১৪০৯ বঙ্গাব্দ
০৮-১০-২০০২ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয় : জাতীয় পর্যায়ে বিভিন্ন বড় বড় পূর্ত/উন্নয়ন প্রকল্পে সামরিক বাহিনীর সংশ্লিষ্টতা প্রসঙ্গে।

জাতীয় পর্যায়ের বিভিন্ন ধরনের বড় বড় পূর্ত/উন্নয়ন প্রকল্প যথা-বঙ্গবন্ধু সেতু, হাইওয়ে, সেতু, রেললাইন, বাঁধ এবং বন্দর ইত্যাদি দেশের সামরিক নিরাপত্তা প্রতিরক্ষার উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। ভূ-প্রকৃতির ব্যাপক পরিবর্তনের ফলে এ ধরনের বড় বড় স্থায়ী অবকাঠামো নির্মাণ কাজ সামরিক দৃষ্টিকোণ হতে অত্যন্ত বিশেষ গুরুত্বপূর্ণ বিবেচিত হওয়ায় এ সকল স্থায়ী অবকাঠামো সমূহের নিরাপত্তার দায়িত্বভার সেনা বাহিনীর উপর ন্যস্ত করা হয়। জাতীয় পর্যায়ে বড় বড় অবকাঠামো নির্মাণ ও ভূ-প্রকৃতির পরিবর্তন কার্যক্রম সংক্রান্ত প্রকল্প গ্রহণ/পরিকল্পনার প্রাথমিক পর্যায়ে সশস্ত্র বাহিনীর সম্পৃক্ততা না থাকলে সশস্ত্র বাহিনী তাঁদের দায়-দায়িত্ব সঠিকভাবে পালনে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়।

০২। বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে সরকার কর্তৃক এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, জাতীয় পর্যায়ে বিভিন্ন বড় বড় অবকাঠামো নির্মাণ ও এ জাতীয় উন্নয়ন বিষয়ক প্রকল্প গ্রহণ/পরিকল্পনার প্রাথমিক পর্যায়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন সশস্ত্র বাহিনীর বিভাগ ও পূর্ত কাজের উপদেষ্টা/প্রধান হিসেবে ইঞ্জিনিয়ার-ইন-চীফ (ই-ইন-সি) অথবা তাঁর মনোনীত প্রতিনিধিকে সম্পৃক্ত রাখতে হবে।

০৩। সরকারের এ সিদ্ধান্তের যথাযথভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাঃ/-
ডঃ কামাল উদ্দিন সিদ্দিকী
মুখ্য সচিব

প্রাপক :
১। মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরে বাংলানগর, ঢাকা।

নং- ১ সা-১/২০০১/ডি-১৫/৫১-৪

তারিখ : ১৫-৭-১৪০৯/০০-১০-২০০২।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :-

০১। সেনাসদর, জিএস শাখা, এম ও পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।
০২। পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
০৩। বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস।
০৪। এই মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থা।
০৫। এই মন্ত্রণালয়ের মুদ্রণ শাখা।

(ডাঃ সাইফুল ইসলাম খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯১১০০৬৮